

# বেকারত্ব বিমা

বেকারত্ব বিমা (Unemployment Insurance, UI) হল একটি স্টেটের (কর্মসংস্থান উন্নয়ন বিভাগের (Employment Development Department, EDD) মাধ্যমে) পরিচালিত বিমা প্রকল্প যেখানে, আইন অনুসারে, একজন নিয়োগকর্তা স্টেটকে বিমার প্রিমিয়াম প্রদান করেন এবং কর্মীরা বেকার হয়ে গেলে বা তাদের কাজের সময় কমানো হলে স্টেট আংশিক আয় প্রদান করে।

## ক্যালিফোর্নিয়ায়, UI-এর জন্য যোগ্যতা অর্জন করতে:

- ✓ আপনার অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রে বৈধভাবে কাজ করার অনুমতি থাকতে হবে (যেমন নাগরিকত্ব, গ্রিন কার্ড, ওয়ার্ক পারমিট);
- ✓ আপনি নিজের কোন দোষ ছাড়া আপনার চাকরি হারিয়েছেন;
- ✓ আপনি বেস পিরিয়ডে যথেষ্ট অর্থ উপার্জন করেছেন (গত 18 মাসে 4-চতুর্থাংশ সময়) এবং
- ✓ আপনাকে অবশ্যই কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং কাজ করতে সক্ষম হতে হবে এবং আপনি সক্রিয়ভাবে কাজ খুঁজছেন।

## আমার বেনিফিট কত?

- বেস পিরিয়ডের মধ্যে আপনার উপার্জনের উপর নির্ভর করে সাপ্তাহিক বেনিফিটের পরিমাণ \$40 থেকে \$450।
- EDD-এর একটি ওয়েবসাইট রয়েছে যেখানে আপনি আপনার UI বেনিফিটের পরিমাণ হিসাব করতে পারবেন: <https://edd.ca.gov/en/Unemployment/UI-Calculator>

## আমি কীভাবে আবেদন করবো?

1. EDD-এর বেনিফিট প্রোগ্রাম অনলাইন ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করা সবচেয়ে সহজ। EDD ওয়েবসাইটে অনলাইনে বেনিফিট প্রোগ্রামের তথ্য ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় পাওয়া যায়: <https://portal.edd.ca.gov/WebApp>

2. আপনি যদি EDD এর ইংরেজি বা স্প্যানিশ অনলাইন পোর্টাল ব্যবহার করতে না চান, তাহলে আপনি ফোনে আবেদন করতে পারেন: সময়: সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে বিকাল 5টা (প্রশান্ত মহাসাগরীয় সময়)\*, স্টেটের ছুটির দিন ছাড়া। \*দ্রষ্টব্য: সোমবার সকাল 10টার আগে ব্যস্ততা বেশি, তাই অন্য সময়ে কল করুন। ফোন নম্বর:

ইংরেজি এবং স্প্যানিশ: 1-800-300-5616

আর্মেনিয়ান 1-855-528-1518

ক্যান্টনিজ: 1-800-547-3506

কোরিয়ান: 1-844-660-0877

ম্যান্ডারিন: 1-866-303-0706

তাগালগ: 1-866-395-1513

ভিয়েতনামি: 1-800-547-2058

TTY: 1-800-815-9387

ক্যালিফোর্নিয়া রিলে সার্ভিস (711): অপারেটরকে UI নম্বর (1-800-300-5616) প্রদান করুন

3. ডাকযোগে বা ফ্যাক্স মারফত আবেদন করুন:

- এই ঠিকানায় ইংরেজি বা স্প্যানিশ ভাষায় DE1101\*\* ফরম পূরণ করে পাঠান:

EDD

PO Box 989738

West Sacramento, CA 95798-9738

- এছাড়াও আপনি ইংরেজি বা স্প্যানিশ ভাষায় পূরণ করা DE1101\*\* ফরমটি 1-866-215-9159 নম্বরে ফ্যাক্স করতে পারেন

\*\*EDD শুধু ইংরেজি বা স্প্যানিশ ভাষায় UI আবেদনপত্র গ্রহণ করলেও, EDD অন্যান্য অনেক ভাষায় নমুনা ফরম প্রদান করে: চাইনিজ, কোরিয়ান, তাগালগ, ভিয়েতনামি এবং অন্যান্য। ইংরেজি ফরম পূরণ করতে নির্দেশিকা হিসাবে নমুনা ফরমটি ব্যবহার করুন।

# বেকারত্ব বিমা

বেকারত্ব বিমা (Unemployment Insurance, UI) হল একটি স্টেটের (কর্মসংস্থান উন্নয়ন বিভাগের (Employment Development Department, EDD) মাধ্যমে) পরিচালিত বিমা প্রকল্প যেখানে, আইন অনুসারে, একজন নিয়োগকর্তা স্টেটকে বিমার প্রিমিয়াম প্রদান করেন এবং কর্মীরা বেকার হয়ে গেলে বা তাদের কাজের সময় কমানো হলে স্টেট আংশিক আয় প্রদান করে।

## ক্রমাগত UI সুবিধার জন্য যোগ্যতা অর্জন করতে:

- ✓ আপনাকে অবশ্যই কাজ করার জন্য প্রস্তুত, ইচ্ছুক এবং কাজ করতে সক্ষম হতে হবে এবং সক্রিয়ভাবে কাজ খুঁজতে হবে। কাজ করার জন্য প্রস্তুত মানে যদি আপনাকে সুযোগ দেওয়া হয় তাহলে আপনি বিনা বাধায় অবিলম্বে চাকরিতে যোগ দিতে পারবেন।
  - আপনি যদি অসুস্থ হন এবং কাজ করতে না পারেন অথবা যদি আপনার পরিবারের কোনো ঘনিষ্ঠ সদস্যের যত্ন নেওয়ার প্রয়োজন হয় এবং আপনি কাজ করতে না পারেন, তাহলে আপনি UI এর যোগ্য নন। আপনি অন্যান্য সুবিধার জন্য যোগ্য হতে পারেন, যেমন স্টেটের অক্ষমতা বিমা (State Disability Insurance, SDI) বা সর্বৈতনিক পারিবারিক ছুটি (Paid Family Leave, PFL)।
- ✓ UI-এর সুবিধাগুলো গ্রহণ করা চালিয়ে যেতে, আপনাকে অবশ্যই প্রতি দুই সপ্তাহে সুবিধাসমূহের জন্য সার্টিফাই হতে হবে।
  - আপনি যদি সুবিধার জন্য সার্টিফাই হওয়া বন্ধ করেন, তাহলে EDD সার্টিফিকেশন না পেলে ধরে নেবে যে আপনি নতুন কাজ পেয়েছেন এবং আর UI সুবিধার প্রয়োজন নেই। আপনি যদি পরে আবার আপনার চাকরি হারান, তাহলে UI দাবি গত 12 মাসের মধ্যে খোলা হলে সুবিধা পাওয়ার জন্য আপনাকে আপনার UI দাবি আবার খুলতে হবে।

\*\*আপনি যদি ইংরেজি বা স্প্যানিশ ছাড়া অন্য কোনো ভাষায় কথা বলেন, তাহলে আপনাকে বিনা খরচে দোভাষী প্রদান করা হতে পারে।

আরও তথ্য এবং ভাষা সংক্রান্ত সহায়তার জন্য, অনুগ্রহ করে নিম্নলিখিত নম্বরে যোগাযোগ করুন:



ইংরেজি: 714-702-7556  
স্প্যানিশ: 714-702-7543  
খেমার: 714-702-7553



ইংরেজি: 714-449-1125  
কোরিয়ান: 714-449-1125



ইংরেজি: 714 917 0440  
স্প্যানিশ: 714 917 0440  
আরবি: 714 917 0440



ইংরেজি: 714-751-5805  
স্প্যানিশ: 714-751-5805  
ভিয়েতনামি: 714-751-5805



ইংরেজি: 714-620-7001



COMMUNITY HEALTH INITIATIVE  
OF ORANGE COUNTY

ইংরেজি: 855-927-8333  
স্প্যানিশ: 855-927-8333



Orange County Herald Center  
橙縣角警中心

ইংরেজি: 949-438-1266  
চাইনিজ: 949-438-1266

এই রিসোর্সটি বেকারত্বের ভাষা সুযোগ কর্মসূচির (Unemployment Language Opportunity Program, ULOP) অংশ হিসাবে তৈরি করা হয়েছে। ULOP সিয়েরা হেলথ ফাউন্ডেশনের কেন্দ্র দ্বারা পরিচালিত এবং ক্যালিফোর্নিয়া কর্মসংস্থান উন্নয়ন বিভাগ দ্বারা অর্থ প্রদত্ত।



Justice • Equity • Hope

ইংরেজি/স্প্যানিশ: 800-399-4529  
কোরিয়ান: 323-801-7987  
কম্বোডিয়ান/খেমার: 562-304-2535  
(ভাষা পরিষেবা এবং দোভাষী সব ভাষায় উপলভ্য) [www.lafla.org](http://www.lafla.org)

ক্যান্টনিজ/ম্যান্ডারিন: 323-801-7912  
ভিয়েতনামি: 323-801-7923  
জাপানি: 323-801-7913